# IRIS GROUP

*Zirani, Kashimpur, Joydevpur, Gazipur*

## সংগঠন করার স্বাধীনতা নীতিমালা
## Freedom of Association Policy

**ভূমিকা ঃ** ব্যক্তি স্বাধীনতা তার মৌলিক অধিকার। বাংলাদেশ শ্রম আইন, আইএলও, হিউম্যান রাইটস্ কনভেনশনের প্রতি শ্রদ্ধাশীল আইরিশ গ্রুপ; তার প্রতিটি ফ্যাক্টরী/ স্থাপনায় কর্মরত শ্রমিক কর্মচারীদের সংগঠন করার এবং সংগঠনে যোগদান করার স্বাধীনতা প্রদান করে।

২০১০ সালের (সংশোধিত-২০১৩) শিল্প সর্ম্পক অধ্যাদেশ ১৭৬ ধারার প্রত্যেক আইন সংগত ধারা মোতাবেক --

**ক)** ভেদাভেদ নির্বিশেষে কোনরুপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিট সংগঠনের সাপেক্ষে নিজেদের পছন্দমত সমিতি গঠনের এবং সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রমিকদের আছে।

**খ)** ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতি সমূহের নিজস্ব সংবিধান ও বিধিমালা প্রনয়নে সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতি প্রশাসন ও কর্ম তৎপরতা, সংগঠনের এবং কর্মসূচী প্রনয়নের অধিকার থাকবে।

**গ)** শ্রমিকদের ও মালিকদের সমিতি সমূহের ফেডারেশন বা কনফেডারেশন এবং অনুরাগ কোন সংগঠনের তাতে যোগদানের অধিকার থাকবে এবং অনুরুপ ফেডারেশন বা কনফেডারেশন সমূহের মালিক বা শ্রমিকদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশনের সাথে সমিতি ভুক্ত হওয়ার অধিকার থাকবে।

**লক্ষ্য ঃ** স্বাধীনভাবে মত প্রকাশে অধিকার আদায়, সংগঠনে যোগদান অধিকার আদায়ে সেচ্ছায় হওয়া এই সকল ব্যাপারে কোম্পানী কর্তৃক নীতিগত ভাবে সর্মথন প্রদান।

**অঙ্গিকার ঃ** শ্রম শিল্প আইনের ১৭৬ ধারা মোতাবেক আইরিশ ফেব্রিক্স লিমিটেড এই নীতিমালার প্রতি পূর্ণ সর্মথন প্রদানে অঙ্গিকারাবদ্ধ।

**উদ্দেশ্যে ঃ** ট্রেড ইউনিয়নের কাজ হবে তার সদস্যদের স্বার্থ উন্নয়ন করা এবং এ লক্ষ্য অর্জনে মালিকদের সঙ্গে আলাপ আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্তেউপনিত হওয়া।

**নীতিমালা ঃ-**

ক) কোনরূপ পূর্ব অনুমতি ছাড়াই ভেদাভেদ নির্বিশেষে কেবল সংশ্লিষ্ট সংগঠনের বিধিমালা সাপেক্ষে নিজেদের পছন্দমত ট্রেড ইউনিয়ন বা সমিতি গঠনের এবং ট্রেড ইউনিয়ন বা সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রমিকদের আছে;

খ) ভেদাভেদ নির্বিশেষে কোনরুপ পূর্ব অনুমতি ছাড়াই কেবল সংশ্লিষ্ট বিধিমালা সাপেক্ষে নিজেদের পছন্দমত ট্রেড ইউনিয়ন বা সমিতি গঠনের এবং ট্রেড ইউনিয়ন বা সমিতিতে যোগদানের অধিকার সকল শ্রেণীর মালিকদের আছে;

গ) ট্রেড ইউনিয়ন সমূহের এবং মালিকদের সমিতি সমূহের নিজস্ব সংবিধান ও বিধিমালা প্রণয়নের; সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব প্রতিনিধিদের নির্বাচনের, সমিতি প্রশাসন ও কর্মতৎপরতা, সংগঠনের এবং কর্মসূচী প্রণয়নের অধিকার থাকবে;

ঘ) শ্রমিকদের ও মালিকদের সমিতি সমূহের ফেডারেশন বা কনফেডারেশন এবং অনুরূপ যে কোন সংগঠনের তাতে যোগদানের অধিকার থাকবে এবং অনুরূপ ফেডারেশনও কনফেডারেশন সমূহের মালিক বা শ্রমিকদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশন সমূহের মালিক বা শ্রমিকদের আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও কনফেডারেশনের সাথে সমিতিভূক্ত হওয়ার অধিকার থাকবে।

(ঙ) মালিকের বিনা অনুমতিতে কোন শ্রমিক তাহার কর্মসময়ে কোন ট্রেড ইউনিয়নের কর্মকান্ড নিয়োজিত থাকিতে পারিবে না।

(চ) যে প্রতিষ্ঠানে একটি মাত্র ইউনিয়ন ট্রেড ইউনিয়ন থাকে সে ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের জন্য উহা যৌথ দর কষাকষি প্রতিনিধি বলিয়া গন্য হইবে। এছাড়াও নির্বাচিত অংশগ্রহণকারী কমিটির সদস্যগণও যৌথ দর কষাকষির প্রতিনিধি হিসেবে কাজ করতে পারবে।

(ছ) যে প্রতিষ্ঠানে একাধিক ট্রেড ইউনিয়ন থাকে সেখানে শ্রম পরিচালক গোপন ভোটের মাধ্যমে ঠিক করেন কে যৌথ দরকষাকষির প্রতিনিধি হইবে।

(জ) সংগঠনের সদস্যদের কোন ধরনের বৈষম্য করা হবে না। সংগঠনের শ্রমিকরাও সাধারণ শ্রমিক হিসেবে গণ্য হবেন এবং সাধারণ শ্রমিকদের মতোই সকল প্রকার সুযোগ-সুবিধা পাবেন।

(ঝ) প্রতিষ্ঠানে ট্রেড ইউনিয়ন বা সংগঠনের কাজ করতে সদস্যদের কোন ধরনের বাধা দেয়া, ভয়-ভীতি দেখানো, হয়রানী, শাস্তি বা চাকুরীচ্যুত করা হয় না।

(ঞ) ট্রেড ইউনিয়ন বা সংগঠনের সদস্যগণ যে কোন উপযুক্ত ও যুক্তিযুক্ত কারনে কারখানা লে অফ ঘোষণা করতে পারবে এবং উন্নয়নমুলক কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। কর্তৃপক্ষ এক্ষেত্রে কোনপ্রকার বাধা প্রদাণ করবে না।

(ট) যদি কারখানায় রেজিষ্ট্রাড ট্রেড ইউনিয়ন না থাকে তবে শ্রমিকগন তাদের প্রতিনিধি নির্বাচন করতে পারবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ শ্রম আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

IRIS GROUP

## সংগঠন করার স্বাধীনতা নীতিমালা
## Freedom of Association Policy

(ঠ) নির্বাচিত শ্রমিক প্রতিনিধি ও মনোনীত মালিক প্রতিনিধির সমন্বয়ে পূর্নাঙ্গ কমিটি গঠন করবেন এবং উক্ত কমিটি শ্রম আইন মোতাবেক কাজ করবেন।

(ড) শ্রম আইন মোতাবেক শ্রমিক ও মালিক প্রতিনিধির সমন্বয়ে সভা অনুষ্ঠিত হবে এবং সভার কার্যক্রম লিপিবদ্ধ থাকবে। শ্রমিক প্রতিনিধি চাইলে যে কোন সময় মালিক প্রতিনিধি ছাড়াই সভা করতে পারবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ কোনরূপ বাধা প্রদান করবে না।

(ঢ) ট্রেড ইউনিয়ন না থাকলে নির্বাচিত শ্রমিক প্রতিনিধিগণ যৌথ দরকষাকষির প্রতিনিধি হিসেবে কাজ করবেন।

“সমিতি গঠনের অধিকার” এর মধ্যে আইনসংগত উদ্দেশ্যে শ্রমিকগণ কর্তৃক ট্রেড ইউনিয়ন গঠন করাও অন্তর্ভূক্ত। আইনে উল্লেখিত বিধানসমূহের অধীনে অধিকার প্রয়োগের বেলায় দেশের আইনের প্রতি আনুগত্য প্রদর্শন করতে হবে। কোন প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান সমূহে ট্রেড ইউনিয়ন গঠনের ক্ষেত্রে সেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মোট শ্রমিকের শতকরা ২০ ভাগ সদস্য ভূক্ত না হলে শ্রমিকের কোন ট্রেড ইউনিয়ন এ অধ্যাদেশ মোতাবেক রেজিষ্ট্রেশন পাওয়ার অধিকারী হবে না।
কেবল মাত্র এই শর্ত পূরণ সাপেক্ষে যে কোন ট্রেড ইউনিয়ন এর সভাপতি ও সম্পাদকের স্বাক্ষর সম্বলিত দরখাস্ত পেশ করে এ অধ্যাদেশ অনুসারে ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রি করার জন্য আবেদন করতে পারবে।

উক্ত নীতিমালা আইরিশ গ্রুপের অধীনস্থ সকল কারখানার জন্য প্রযোজ্য হবে।

IRIS GROUP

**বাস্তবায়ন কারী দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিবর্গঃ-**

| জিএম- এডমিন, এইচ আর ও কমপ্লায়েন্স |
|---|

# IRIS GROUP

*Zirani, Kashimpur, Joydevpur, Gazipur*

## সংগঠন করার স্বাধীনতা নীতিমালা
## Freedom of Association Policy

সিনিয়র ব্যবস্থাপক- কমপ্লায়েন্স

ব্যবস্থাপক- এইচ আর | সহকারী ব্যবস্থাপক, কমপ্লায়েন্স | কল্যাণ কর্মকর্তা

**ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য ঃ-**

**জিএম- এডমিন, এইচ আর ও কমপ্লায়েন্স ঃ-**ফ্যাক্টরীতে স্বাধীনভাবে সংগঠন করার ব্যাপারে নোটিশ প্রদান এবং কোন অভিযোগ আসলে সে ব্যাপারে নিস্পত্তিকরন।

**সিনিয়র ব্যবস্থাপক কমপ্লায়েন্স ঃ** এই বিষয়ে কর্মস্থল হতে কোন প্রকার অভিযোগ আসলে সে ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষ কে অবহিত করন। ট্রেড ইউনিয়ন সম্পর্কে শ্রম আইনে নতুন কোন ধারা সংযোজন/পরিবর্তন আসলে সাথে সাথে উর্ধ্বতন কর্তৃপক্ষ সহ কর্মরত/শ্রমিকদের মধ্যে অবহিত করনের ব্যবস্থা করন।

**ব্যবস্থাপক-এইচ আর/ সহকারী ব্যবস্থাপক - কমপ্লায়েন্স ঃ** শ্রমিক ইউনিয়ন/সংগঠনে যোগদানের ব্যাপারে কোন শ্রমিকের প্রতি উথাপিত অভিযোগের কারনে/উক্ত বিরোধর সূত্রে সংশ্লিষ্ঠ শ্রমিকদের লে অফ/ছাটাই/বরখাস্ত কিংবা চাকুরীহতে অপসারিত করা যাবে না। এই ধরনের কোন অভিযোগ আসলে সংশিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করবে এবং শ্রমআইন মোতবেক ব্যবস্থা নিবেন। বাংলাদেশ শ্রমআইনের ১৭৬ ধারা মোতাবেক ট্রেড ইউনিয়ন/সংগঠনের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে সকল কার্যক্রম আইন মোতাবেক পরিচালনা হচ্ছে কিনা উহার বাস্তবায়নে সঠিক সহযোগিতা করা।

**কল্যাণ কর্মকর্তা ঃ** শ্রমিক ট্রেড ইউনিয়ন/সংগঠন করার ক্ষেত্রে কোন শ্রমিকের বিরুদ্ধে অভিযোগ আসলে আইনগত ব্যবস্থা গ্রহনের পূর্বে সংশিষ্ট বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে নিস্পত্তি করা।

**বাস্তবায়ন প্রক্রিয়াঃ**

| কার্যাবলী (কি?) | কার্যপ্রনালী (কিভাবে) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (কে) | কার্যকাল (কখন) | সময়সীমা |
|---|---|---|---|---|
| শ্রমিকদের কোন স্বাধীন সংগঠনে যোগদানে নিরুৎসাহিত না করা | শ্রমআইনের ধারা-১৭৬ মোতাবেক বিষয়টি নিস্পত্তি করতে হবে | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) এইচ, আর কমপ্লায়েন্স অফিসার, কল্যান কর্মকর্তা | বিষয়টি উথাপিত হওয়ার সাথে সাথে | সব সময় বলবত থাকবে |
| কোন শ্রমিক/কর্মচারী ইতিমধ্যে ট্রেড ইউনিয়নের সদস্য হয়েছে বা ট্রেড ইউনিয়নের কর্মকান্ডের সাথে জড়িত বলে প্রতিয়মান হয়। | শ্রমআইনের ধারা-১৭৬ মোতাবেক বিষয়টি নিস্পত্তি করতে হবে। | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) এইচ, আর কমপ্লায়েন্স অফিসার, কল্যান কর্মকর্তা | বিষয়টি উথাপিত হওয়ার সাথে সাথে | সব সময় বলবত থাকবে |
| ট্রেড ইউনিয়ন পরিচালনায় বাধা প্রদান। | শ্রম আইনের ধারা-১৭৬ মোতাবেক বিষয়টি নিস্পত্তি করতে হবে। | এজিএম- এডমিন, এইচ আর ও কমপ্লায়েন্স | বিষয়টি উথাপিত হওয়ার সাথে সাথে | সব সময় বলবত থাকবে |
| নির্বাচন কার্যক্রমে সহয়তা প্রদান | শ্রমআইন মোতাবেক | এ্যাডমিন, এইচ আর এন্ড কমপ্লায়েন্স অফিসার | যখন নির্বাচন অনুষ্ঠিত হবে | সব সময়ব বলবত থাকবে |
| ট্রেড ইউনিয়নের প্রতিনিধি কর্তৃক কোন দাবি উত্থাপিত হলে। | শ্রম আইন মোতাবেক | জিএম- এডমিন, এইচ আর ও কমপ্লায়েন্স | যখন দাবি উত্থাপিত হবে | সব সময় বলবত থাকবে |

**বাস্তবায়ন রুটিন**

**যোগাযোগপদ্ধতিঃ**

IRIS GROUP

# IRIS GROUP

Zirani, Kashimpur, Joydevpur, Gazipur

## সংগঠন করার স্বাধীনতা নীতিমালা

## Freedom of Association Policy

| কার্যাবলী (কি?) | কার্যপ্রনালী (কিভাবে) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (কে) | কার্যকাল (কখন) | সময়সীমা |
|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ | সাধারন মিটিং এর আলোচনা ও কায বিবরনীর মাধ্যেমে | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স) | ট্রেড ইউনিয়নের স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্থ হলে | সব সময় বলবত থাকবে |
| সম্পূর্ন দায়িত্ব প্রাপ্ত দলের সাথে যোগাযোগ | সাধারন মিটিংয়ের মাধ্যমে সবাইকে অবগত করন এবং প্রত্যেকে এই পলিসি বুঝতে পেরেছেন এই মর্মে স্বাক্ষর গ্রহন। | এইচ আর কমপ্লায়েন্স অফিসার | নীতি নির্ধারনের পর | নীতি নির্ধারনের পর |
| মিড লেবেল ম্যানেজমেন্টের সাথে যোগযোগ | উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা সাপেক্ষে সময় উল্লেখপূর্বক একটি নোটিশ প্রেরন, মিড লেবেল ম্যানেজমেন্টর সাথে মিটিং সম্পাদন এবং তাদের ফিডব্যাক সহএকটি সভা কার্যবিবরনী সংরক্ষন। উল্লেখ্য যে, একটি মিড লেভেল ম্যানেজমেন্ট ট্রেনিংয়ে শ্রমিক সংঘ/ট্রেড ইউনিয়ন বিষয় আলোচনা হতে পারে। | ইনচার্জ কমপ্লায়েন্স, মানবসম্পদ এবং ওয়েল ফেয়ার অফিসার | প্রতি মাসে অনন্ত একবার | প্রতি মাসে একবার |
| পুরাতন শ্রমিকদের সাথে যোগাযোগ | প্রতি মাসে স্যোশাল এওয়ারনেস ট্রেনিংয়ের মাধ্যমে পুরাতন শ্রমিকদের শ্রমিক সংঘ/ট্রেড ইউনিয়ন সম্পর্কে আলোচনা করা হবে। এখানে উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষনে শ্রমিক সংঘ/ট্রেড ইউনিয়ন ছাড়াও বেতন ভাতাদি, হয়রানী ও উৎপীড়ন ইত্যাদি বিষয়াদী আলোচনা করা হয়। | কমপ্লায়েন্স অফিসার ও ওয়েলফেয়ার অফিসার | প্রতি মাসে অন্তত একবার | প্রতি মাসে অন্তত একবার |
| নতুন শ্রমিকদের সাথে যোগাযোগ | প্রতি মাসে নিয়োগ প্রাপ্ত নতুন শ্রমিকদের জন্য একটি ওরিয়েন্টেশন বা পরিচিতি করন ট্রেনিংয়ের আয়োজন করে তাতে প্রয়োজনীয় সকল পলিসি, ওর্য়াকার রাইটস ওয়েলফেয়ার সুবিধা সহ শ্রমিকসংঘ/ট্রেড ইউনিয়ন ও ওয়ার্কাস পাটিশিপেশন কমিটি ইত্যাদি বিষয়াদি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করতে হবে এবং যার একটি সংরক্ষন করা হবে। এ ছাড়া পি এ সিস্টেম ও কাউন্সিলিং এর মাধ্যমে ও এই প্রক্রিয়া চলবে। | কমপ্লায়েন্স অফিসার | নিয়োগ কৃত মাসে | উক্ত মাসের মধ্যে |
| নোটিশ বোর্ড, পিএ সিস্টেমের মাধ্যমে যোগাযোগ | গ্রিভেন্স অনুযোগ বা অভিযোগ নীতিসহ অন্যান্য নীতি নোটিশ বোর্ডের মাধ্যমে শ্রমিকদের সাথে যোগাযোগ করতে হবে এবং পি এ সিস্টেমের মাধ্যমে ও এই প্রক্রিয়া চলবে। এখানে উল্লেখ্য যে, যে কোন পরিবর্তিত নীতি অবশ্যই নোটিশ বোর্ডে মাধ্যমে পরির্বতন করতে হবে। | এইচ আর, কমপ্লায়েন্স অফিসার | সব সময় | সব সময় |

**নিয়ন্ত্রন ও ফলাফলঃ**

IRIS GROUP

# IRIS GROUP

*Zirani, Kashimpur, Joydevpur, Gazipur*

## সংগঠন করার স্বাধীনতা নীতিমালা

## Freedom of Association Policy

| ফিডব্যক ও কন্ট্রোল | পদ্ধতি | কে বাকারা | কখন | মতামত |
|---|---|---|---|---|
| ইন্টারনাল অডিট | যে সমস্থ বিষয় সমূহ বিবেচনায় আনা হয়েছে তা নিম্নরুপ- শ্রমিকদের সাক্ষাৎকার, মিডলেভেল ম্যানেজম্যান্টের সাক্ষাৎকার, নথিপত্র পরীক্ষা। | কমপ্লায়েন্স অফিসার | প্রতি তিন মাসে অন্তত এক বার | |
| রিপোটিং | ইন্টারনাল অডিট হইতে প্রাপ্ত বিষয়াদি নিয়ে একটি রির্পোট তৈরি করে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হবে। | কমপ্লায়েন্স, ইন্টারনাল অডিটর | ইন্টারনাল অডিট করার পর | |
| নিয়ন্ত্রন | সমস্যা সমুহের চেক লিষ্ট তৈরি করা এবং প্রতি টি সমস্যার জন্য আলাদা আলাদা ব্যবস্থা করা। | এইচ আর, প্রশাসন অফিসার | ইন্টারনাল অডিট করার পর | |
| প্রতিকার | ইন্টারনাল অডিট এ প্রাপ্ত সমস্যা সমূহ বাস্তবায়নে যদি ফ্যাক্টরীতে বিদ্যমান সিষ্টেম বা পলিসিতে বা প্রক্রিয়াতে কোন পরিবর্তনের প্রয়োজন হয় তা অবশ্যই করতে হবে। | | | |

IRIS GROUP